



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
আইসিটি শাখা-১  
www.sid.gov.bd

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৪৩

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৯

২০ মে ২০২২

বিষয়: 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদক সূচক ২.২.৫ অনুযায়ী “উদ্ভাবক ও ইনোভেশনের সাথে সংশ্লিষ্টদেরকে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রাম” এ প্রেরণের বিষয় উল্লেখ রয়েছে।

০২। উদ্ভাবন সহায়ক ইকোসিস্টেম ও উদ্যোক্তা সংস্কৃতি তৈরি এবং তরুণ উদ্ভাবকদের সক্ষমতা বৃদ্ধিতে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প কাজ করে যাচ্ছে। প্রান্তিক পর্যায়ের তরুণদের মাঝে ব্যাপকভাবে উদ্ভাবনী ধারণাকে ছড়িয়ে দিয়ে স্টার্টআপ ইকো-সিস্টেমকে বিকশিত করার মাধ্যমে দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলতে 'আইডিয়া' প্রকল্প উল্লেখযোগ্য অবদান রাখছে বলে প্রতীয়মান হয়। এ সকল স্টার্টআপই ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতিতে অবদান রাখার মাধ্যমে ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মাণে সরকারের লক্ষ্যপূরণের অন্যতম হাতিয়ার হবে বলে আমাদের বিশ্বাস।

০৩। এমতাবস্থায়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে আপনার 'আইডিয়া' প্রকল্পে নলেজ শেয়ারিং প্রোগ্রাম/শিক্ষা সফরের উদ্দেশ্যে ২৫/০৫/২০২২ তারিখ অথবা এর কাছাকাছি সময়ে ভিজিটের অনুমতি প্রদান ও এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আইডিয়া প্রকল্প হতে এই পর্যন্ত যেসকল উদীয়মান স্টার্টআপদেরকে অর্থায়ন করা হয়েছে তাঁদের মধ্য থেকে গুরুত্বপূর্ণ ১০ (দশ) জনের উপস্থিতিতে এ সেশনটি আয়োজন করা যেতে পারে।

ক্রম:	নাম	পদবী	অফিস
০১.	জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম	অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার	এসআইডি
০২.	মোসা: সুলতানা পারভীন	উপসচিব	এসআইডি
০৩.	মিজ নূর জাহান	উপসচিব	এসআইডি
০৪	জনাব মো: খন্দকার মাহবুবুর রহমান	সিনিয়র সহকারী সচিব	এসআইডি
০৫	জনাব এ এফ এম ফিরোজ মাহমুদ	সিনিয়র সহকারী সচিব	এসআইডি
০৬	জনাব মু: ওয়াহিদ মুরাদ	প্রোগ্রামার	এসআইডি

০৪। উক্ত প্রোগ্রামের বিভিন্ন কর্মকাণ্ডে সহায়তা করার জন্য সহায়ক কর্মী হিসেবে এ বিভাগের জনাব নূরউদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং জনাব মোঃ মোরাদ হোসেন, অফিস সহায়ক দায়িত্ব পালন করবেন।

০৫। নলেজ শেয়ারিং প্রোগ্রাম/শিক্ষা সফর শেষে পরিদর্শন টিম উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট একটি প্রতিবেদন পেশ করবেন। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

